

তারিখ: নভেম্বর ২৫, ২০২২
সূত্র: ৫৩.০৯.০০০০.৮২২.৯৯.০০০.২৩.৪৩৫

সভার নোটিশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয় এর আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাথে বেসিক ব্যাংক লিমিটেড এর ২০২২-২৩ অর্থ বছরের নতুন বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) স্বাক্ষরিত হয়েছে। এ চুক্তি অনুযায়ী তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে ব্যাংকের প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগের যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/ হালনাগাদকরণ করার প্রয়োজন রয়েছে।

এ লক্ষ্যে পত্র সূত্র: ৫৩.০৯.০০০০.৮২২.৯৯.০০০.২২.৩৩৭ তারিখ: সেপ্টেম্বর ২২, ২০২২ মারফত প্রধান কার্যালয়ের সকল বিভাগকে তথ্য হালনাগাদ করে এমআইএস বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিল। ইতোমধ্যে অধিকাংশ বিভাগ এতদসংক্রান্ত তথ্য জমা দিয়েছেন। যারা এখনও তথ্যের ক্যাটালগ জমা দেন নাই, তাদেরকে এই সভার পূর্বে তথ্যের ক্যাটালগ তৈরী করে কপি সহ সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হচ্ছে। উল্লেখ্য যে, আগামী নভেম্বর ৩০, ২০২২ ইং তারিখ সকাল ১১.০০ ঘটিকায় প্রধান কার্যালয়ের ৭ম তলায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনা করার জন্য প্রথম সভার আয়োজন করা হয়েছে।

উক্ত সভায় প্রধান কার্যালয়ের সকল বিভাগের প্রধানগণ-কে উল্লিখিত বিষয়ের উপর প্রয়োজনীয় আলোচনার জন্য যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ করা হল।

ধন্যবাদান্তে
আপনার বিশ্বস্ত,



সহিদুল আলম মোহাম্মদ কবির
(তথ্য অধিকার বিষয়ক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা)
সহকারী মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান
এমআইএস বিভাগ

অনুলিপিঃ ০১. সকল বিভাগীয় প্রধান, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।

০২. উপ-মহাব্যবস্থাপক, বেসিক ব্যাংক লিমিটেড, সাধারণ সেবা বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা-৩০ জন নির্বাহী/কর্মকর্তাদের বসার স্থান ও আপ্যায়নের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো।

“শুদ্ধাচার ও শিষ্টাচার, সভ্য জাতির অহংকার”



সভার কার্যবিবরণী

তারিখঃ ০৪.১২.২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয় এর আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাথে বেসিক ব্যাংক লিমিটেড এর ২০২২-২৩ অর্থ বছরের নতুন বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) স্বাক্ষরিত হয়েছে। এ চুক্তি অনুযায়ী তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/ হালনাগাদকরণের লক্ষ্যে প্রদানকৃত পত্র সূত্রঃ ৫৩.০৯.০০০০.৮২২.৯৯.০০০.২২.৩৩৭ তারিখঃ সেপ্টেম্বর ২২, ২০২২-এর অগ্রগতির বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নভেম্বর ৩০, ২০২২ ইং তারিখ সকাল ১১.০০ ঘটিকায় প্রধান কার্যালয়ের ৭ম তলায় এক সাধারণ সভার আয়োজন করা হয়।

উক্ত সভায়,

০১. বেসিক ব্যাংকের লিমিটেডের প্রধান কার্যালয়ের সকল বিভাগ কর্তৃক প্রদত্ত তথ্যের ভিত্তিতে বেসিক ব্যাংক লিমিটেডের তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি যথাসময়ে অর্থাৎ ডিসেম্বর, ২০২২-এর মধ্যে সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়;
০২. বেসিক ব্যাংক লিমিটেডের তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ-এর একটি নমুনা সভায় উপস্থাপন করা হয়;
০৩. ব্যাংকের যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ সময় সময় হালনাগাদ করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয় ;

উক্ত সভায় অন্য কোন আলোচ্যসূচী না থাকায় এবং যথাসময়ে সবাই তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি সংক্রান্ত কাজ দ্রুত সম্পন্ন করায়, সভার সভাপতি জনাব সহিদুল আলম মোহাম্মদ কবির (তথ্য অধিকার বিষয়ক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা) সবাইকে পুনরায় ধন্যবাদ জানিয়ে ফেরয়ারী, ২০২৩-এ এতদসংক্রান্ত পরিবর্তন, পরিবর্ধন, হালনাগাদ করার থাকলে আরেকটি সভা আহ্বান করা যেতে পারে বলে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

ধন্যবাদান্তে

আপনার বিশ্বস্ত,

সহিদুল আলম মোহাম্মদ কবির
(তথ্য অধিকার বিষয়ক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা)
সহকারী মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান
এমআইএস বিভাগ

“শুদ্ধাচার ও শিষ্টাচার, সভ্য জাতির অহংকার”

